কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)
শাখা নিয়ন্ত্রণ বিভাগ।
www.kb.gov.bd
Email bcd@kb.gov.bd

বিষয়: 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা,২০২২-২৩'বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান বিষয়ে কর্মসংস্থান ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল বিভাগের সমন্বয়ে ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মনোজ রায়, উপমহাব্যবস্থাপক,শাখা নিয়ন্ত্রণ বিভাগ, প্রধান কার্যালয়,ঢাকা।

স্থান: শাখা নিয়ন্ত্রণ বিভাগ এর উপমহাব্যবস্থাপকের অফিস কক্ষ।

তারিখ ও সময়: ১৫ জুন ২০২৩, বিকাল- ৩.০০ ঘটিকা।

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে তিনি এ ব্যাংকের সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং তা নিয়মিত মনিটরিং ও পরিবীক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাব্যবস্থাপক ও সদস্য সচিব জনাব মোঃ এনায়েতুর রহমান শেখ এ ব্যাংকের বর্তমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত নির্বাহীগণ এ ব্যাংকের সিটিজেন চার্টার এর উপর আলোচনা এবং প্রয়োজনীয় সংশোধনের জন্য মতামত ব্যক্ত করেন।

আলোচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগসমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্তে সভা আয়োজনের বাধ্যবাধকতার প্রেক্ষিতে ক) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, খ) সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ,গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন, ঘ) সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন এবং ঙ) তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ নিয়ে সভায় নির্বাহীগণ বিস্তারিত আলোচনা করেন।

সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির নিকট প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে তা আপলোড এর জন্য আইটি বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | এ সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ০৫ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ |

চলমান পাতা-০২

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|
| ০২. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করার লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ও সেবা প্রদান বিষয়ক ফোকাল কর্মকর্তা জনাব বদরে মুনির ফেরদৌস এর সভাপতিত্বে ৬ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় কর্মসংস্থান ব্যাংকের সিটিজেন চার্টারে 'তথ্য প্রদান সংক্রান্ত বিষয় সেবা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে' মর্মে উল্লেখ করে তা পরিবর্তন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। উক্ত পরামর্শের ভিত্তিতে সিটিজেন চার্টারের ২.১-এ উল্লেখিত নাগরিক সেবা এর ১নং ক্রমিকে উল্লেখিত তথ্য প্রদানের বিষয়টি বিয়োজন করা হয় এবং ২.২- এ উল্লেখিত দাপ্তরিক সেবা এর ১, ২ ও ৩ নং ক্রমিকে সেবা অংশে তথ্য প্রদান সংশ্লিষ্ট বিষয়গুলোর পরিবর্তে প্রধান কার্যালয়ের ব্যবসায়িক ক্ষমতায় ঋণ মঞ্জুরের বিষয়টি অন্তভূর্ক্তকরণের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়। এছাড়া, সিটিজেন চার্টার এর ২.৩-এ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের সেবাসমূহের 'ছ ' -তে বর্ণিত মোটরসাইকেল অগ্রিম মঞ্জুরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী বর্তমান নীতিমালা অনুযায়ী প্রতিস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | এ সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ০৫ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ |
| ০৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রায় এতদসংক্রান্ত মোট ০২(দুই)টি প্রশিক্ষণ আয়োজনের উল্লেখ আছে। অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট মহোদয় সভায় অবহিত করেন। এ সংক্রান্ত ০৪(চার)টি প্রশিক্ষণ যথাক্রমে ০৮.০৯.২০২২, ০৭,১১,২০২২, ০৬.০২.২০২৩ এবং ১৩.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>এ ক্ষেত্রে কর্মসম্পাদনের সূচকের মান: ০৩। | এ সংক্রান্ত প্রশিক্ষণ নিয়মিত আয়োজনের জন্য সংশ্লিষ্ট বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং আগামী অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডারে এ বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি অন্তভূর্ক্তকরণের অনুরোধ জানানো হয়। | অধ্যক্ষ, কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট। |
| ০৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রায় সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে কমপক্ষে ০২(দুই)টি সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট বিভাগ অবহিত করে ২০২২-২০২৩ অর্থবছরে ইতোমধ্যে ০৭.০৮.২০২২ , ১৬.১০.২০২২ এবং ২২.০৩.২০২৩ তারিখে এতদসংক্রান্ত ০৩ (তিন)টি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>এ ক্ষেত্রে কর্মসম্পাদন সূচকের মান: ০৪। | স্টেকহোল্ডারদের সাথে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা অর্জন করায় সংশ্লিষ্ট বিভোগকে ধন্যবাদ জানানো হয় এবং আগামী ২০২৩-২০২৪ অর্থবছরেও অনুরূপ সভা নিয়মিত আয়োজনের অনুরোধ জানানো হয়। | ঋণ ও অগ্রিম বিভাগ। |

চলমান পাতা-০৩

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
| --- | --- | --- | --- |
| ০৫. | তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ এর পরিবর্তন, সংশোধন এর বিষয়ে আলোচনা করা হয়। | সভায় তথ্য অধিকার এর ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরী ও হালনাগাদকরণ বিষয়ে পর্যালোচনা, অনুধাবন ও যৌক্তিকতা বিচার বিশ্লেষণপূর্বক তা হালনাগাদ করা হয় (পরিশিষ্ট –'খ' সংযুক্ত)। হালনাগাদকৃত 'ক্যাটাগরি ও ক্যাটালগ' ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ |

পরিশেষে উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫.০৬.২০২৩

(মনোজ রায়)
উপমহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ বিভাগ
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১৬০.৩২.০০১.২৩-৬২১ তারিখ: ১৫ জুন ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৬। অফিস নথি।

১৫.০৬.২০২৩
(মোঃ এনায়েতুর রহমান শেখ)
সহকারী মহাব্যবস্থাপক
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি ।